বদরগঞ্জ উপজেলা পরিষদ
জেলাঃ রংপুর

স্মারক নংঃ তারিখঃ ২৯/১১/২০২১খ্রিঃ

## উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ তাজুল ইসলাম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ২৯ নভেম্বর, ২০২১খ্রিঃ

সময় ঃ ১২.৪৫ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, প্রকল্পের তালিকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ প্রদান করলে পরিকল্পনা প্রণয়নের জন্য যেমন সহজ হবে তেমনি টেন্ডার ও পিআইসি গঠন সহ যাবতীয় কর্মকান্ড পরিচালনা করা সহজ হবে। তিনি আরো বলেন, ইউজিডিপি-এর চতুর্থ রাউন্ডের জন্য রিকাস্ট অনুমোদন প্রয়োজন। প্রাক্কলনে কিছু অসংগতি পরিলক্ষিত হওয়ায় রিকাস্ট অনুমোদন না হলে কাজের গ্রণগত মান নিম্ন পর্যায়ের হবে যা টেকসই হবে না। | বিস্তারিত আলোচনান্তে অবকাঠামো উপ-প্রকল্প দ্রুত রিকাস্ট করে অনুমোদনের জন্য অতিরিক্ত সচিব বরাবর পাঠানোর ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ উপজেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের ওয়েব পোর্টাল হালনাগাদ ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলাকে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ডিজিটাল অফিস ব্যবস্থাপনার মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় অত্র | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারী এবং ইউনিয়ন পরিষদের সচিব ও হিসাব সহকারীদের সক্ষমতা ও দক্ষতার ঘাটতি থাকায় সময়মত সঠিকভাবে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়ন অনেকাংশে বাধাগ্রস্থ হয়। প্রস্তাবিত উপ-প্রকল্প পরিষদের সকল কাজে গতিশীলতা আনয়নের পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক সেবা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।<br><br>এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br>১. প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তথ্য-প্রযুক্তি বিষয়ে অধিকতর দক্ষ হবেন<br>২. সঠিকসময়ে নির্ভুলভাবে কর্মসম্পাদন ও সেবাপ্রদান নিশ্চিত হবে<br>৩. পরিষদে গতিশীল ডিজিটাল অফিস ব্যবস্থাপনা প্রতিষ্ঠিত হবে<br>৪. সর্বোপরি ডিজিটাল বাংলাদেশ গড়তে বিশেষ ভূমিকা রাখবে | উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ তাজুল ইসলাম)
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৫। উপজেলা............................... কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
৬। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৭। অফিস কপি।

সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।